**U N I T 11**

# Verbs

**L E S S O N 1**

## Transitive and Intransitive Verbs

*A* নিচের sentence গুলি দেখুন :

1 Rana is eating rice.
2 Belal is running.
3 Renu is a girl.

উপরের sentence গুলির যে সব word এর নিচে দাগ দেওয়া আছে **সেগুলির দ্বারা কোনো কিছু করা বা হওয়া বোঝাচ্ছে। এ ধরনের শব্দকে বলে verb।** ইংরেজি sentence এ verb একটি গুরুত্বপূর্ণ শব্দ। Verb ছাড়া **কোনো** ইংরেজি sentence হয় না। যদি একটি মাত্র word এ একটি sentence হয় তবে সেই word টি হবে একটি verb। যেমন, Stop, Come, Go ইত্যাদি। অবশ্য এই সব sentence এ subject (you) উহ্য আছে।

*B* উপরের ১নং sentence টি দেখুন। এটা সম্পর্কে প্রশ্ন করা যায় What is Rana eating? এর উত্তর হবে Rice। এমন আরও কিছু sentence দেখুন :

Rashid made a kite.
The mother loves her child.
I saw him.

এসব sentence সম্পর্কে এ ধরনের প্রশ্ন করা যায়:

What did Rashid make? উত্তর হবে – A kite.
Who (কাকে) does the mother love? – Her Child.
Who did I see? – Him.

যে সব verb সম্পর্কে what (কি) বা who (কাকে) দিয়ে প্রশ্ন করা যায় তাদের বলে Transitive verb. Made, loves, saw এই verb গুলি transitive verbs. What (কি) এবং who (কাকে) এর উত্তরে যে শব্দ পাওয়া যায় তা হচ্ছে ঐ verb এর object। এখানে made এর object হচ্ছে a kite, loves এর object - her child এবং saw এর object - him।

*C* এবার ২নং sentence টি দেখুন। Belal is running। **এই sentence এর সম্পর্কে what (কি) এবং who (কাকে) দিয়ে প্রশ্ন করা সম্ভব নয়। এ ধরনের verb কে বলে Intransitive verbs।** আরও কিছু নমুনা দেখুন :

He is sleeping.
Helal jumped over the fence.
They are going home.

যে verb গুলির নিচে দাগ দেওয়া হয়েছে সেগুলি intransitive verbs.

*D* নিচের verb গুলির মধ্যে যেগুলি transitive তার পাশে T এবং যেগুলি intransitive তার পাশে I লিখুন। Transitive হলে object এর নিচে দাগ দিন। দুটি করে দেওয়া হয়েছে।

1 Rabi is walking. (I)
2 Hasan caught a thief. (T)
3 Can you swim? ( )
4 Please open the door. ( )
5 He read this book. ( )
6 I know him. ( )
7 I will go home next month. ( )
8 We live here. ( )
9 Never tell a lie. ( )
10 Stand up on the bench. ( )
11 She is singing sweetly. ( )
12 I wrote a letter. ( )

*E* নিচের sentence গুলি দেখুন।

I gave him a book.
He told us a story.
I asked him a question.

উপরের sentence গুলিতে ব্যবহৃত gave, told, asked এই তিনটি transitive verb এর প্রত্যেকটির দুটি করে object আছে। ১ নং sentence সম্পর্কে প্রশ্ন করা যায় What did I give him? উত্তর হবে - A book। অপর একটি প্রশ্ন হতে পারে Who did I give the book to? উত্তর হবে –Him। অপর দুটি sentence সম্পর্কেও এরকম দুটি করে প্রশ্ন করা যায়। এই দুটি প্রশ্নের মধ্যে **What (কি) এর উত্তরে সাধারণত একটি জিনিসের নাম পাওয়া যায়। তাকে বলা হয় Direct object। Who (কাকে) এর উত্তরে সাধারণত একটি ব্যক্তিকে পাওয়া যাবে। তাকে বলা হয় Indirect object**। যেমন ২নং sentence এ direct object হচ্ছে a story এবং indirect object হচ্ছে us। ৩নং sentence এ কোনোটি direct object এবং কোনোটি indirect object তা নিজে ভেবে বের করুন।

*F* নিচের sentence গুলির verb এর object বের করে নিচে দাগ দিন। Direct object এর নিচে D এবং Indirect object এর নিচে I লিখুন। একটি করে দেওয়া হয়েছে।

1 She showed $\frac{\text{us}}{\text{I}}$ $\frac{\text{a picture}}{\text{D}}$.
2 Can I offer you a cup of tea?
3 He wrote me a nice letter.
4 She told me a secret.
5 My brother lent me some money.
6 The teacher asked Rabiul a difficult question.

**G** কিছু কিছু verb আছে যা transitive এবং intransitive উভয়ভাবে ব্যবহৃত হয়। যেমন,

| **Transitive** | **Intransitive** |
|---|---|
| He rang the bell. | The bell rang. |
| I stopped the car. | The car stopped. |
| Babla is flying a kite. | Birds fly. |
| Sima broke the glass. | The glass broke. |
| I feel a pain in my stomach. | How do you feel? |

**H** নিচের sentence গুলিতে verb টি transitive না intransitive তা লিখুন।

1 The phone is ringing. ( )
2 Stop rining the bell. ( )
3 Why have you stopped? ( )
4 He stopped me. ( )
5 Fire burns everythings.( )
6 He burnt his hand. ( )
7 She dropped a plate from her hand. ( )
8 The fruit dropped from the tree. ( )

**L E S S O N 2**

## Special Verbs

**A** ইংরেজি ভাষায় স্বল্প সংখ্যক কিছু verb আছে যাদের ব্যবহার বিশেষত্বপূর্ণ। এরা সংখ্যায় মাত্র ২৪টি যা নিচে লিপিবদ্ধ করা হল।

| 1 | 2 | 3 | 4 |
|---|---|---|---|
| **Present** | **Past** | **Present** | **Past** |
| am, is, are | was, were | shall | should |
| has, have | had | will | would |
| do, does | did | can | could |
| | | may | might |
| | | must | - |
| | | need | - |
| | | ought(to) | - |
| | | dare | - |
| | | | used(to) |

এসব verb কে বিভিন্ন grammarian বিভিন্ন নামে ডাকেন। কেউ কেউ এদের বলেন **auxiliary verbs** অথবা সাহায্যকারী **verb**। তার কারণ এরা অন্য **verb** এর সাথে ব্যবহৃত হয়। যে **verb** এর সাথে ব্যবহৃত হয় তাকে বলা হয় **principal** বা প্রধান **verb. Auxiliary verb** ব্যবহৃত হয় **principal verb** এর অর্থ সম্পূর্ণ করতে। যেমন,

I am (auxiliary) going (principal) home.
He will (auxiliary) come (principal) soon.
You ought to (auxiliary) help (principal) me.

B এদের মধ্যে ৩নং ও ৪নং কলামে দেওয়া ১৩টি **verb** কে কেউ কেউ **modal auxiliary** বা সংক্ষেপে **modals** বলেন। কারণ এই **verb** গুলি বক্তার নানা ধরনের **mood** বা মনোভাব প্রকাশ করতে সাহায্য করে। যেমন,
May I come in? (অনুমতি প্রার্থনা)
You must go. (আদেশ প্রদান)
You need not go. (প্রয়োজনহীনতা)
We ought to love our country (ঔচিত্যবোধ)
Could you help me? (অনুরোধ)

C তবে এই ২৪টি verb কে special verbs বলাই সমীচীন। কারণ এই verb গুলির কিছু বিশেষত্ব আছে যা অন্য কোনো verb এর নেই। লক্ষ করুন, কেবলমাত্র এই ২৪টি verb এর সাথে not (সংক্ষেপে n't) যোগ করা যায়, অন্য কোনো verb এর সাথে নয়। যেমন,
I am well. I am not well.
He will go. He will not (won't) go.
It might rain. It might not rain.
এই ২৪টি verb ব্যতীত অন্য কোনো verb কে negative করতে হলে verb এর সাথে do যোগ দিয়ে তার সাথে not যোগ দিতে হয়। যেমন,
I like mangoes. I don't like mangoes.
They went home. They did not go home.
He goes to school regularly. He does not go to school regularly.
কোনো principal verb এর সাথে একাধিক special verb থাকলে negative করার সময় not যোগ দিতে হবে প্রথম special verb টির ঠিক পরে। যেমন,
I may have seen him. (Affirmative)
I may not have seen him. (Negative)

D নিচের sentence গুলিকে negative করুন।

1 She has helped me.
2 He is an intelligent man.
3 They lived here.
4 Harun has heard the story.
5 You ought to go.

E একইভাবে কোনো প্রশ্ন করার সময় এই ২৪টি special verb চলে আসে subject এর পূর্বে। Special verb না থাকলে do ব্যবহার করে প্রশ্ন করতে হয়। যেমন,
He will go. Will he go?
They are happy. Are they happy?
He must come. Must he come?
He sings well. Does he sing well?
They ate breakfast. Did they eat breakfast?

F নিচের statements গুলিকে question এ পরিণত করুন। একটি করে দেওয়া হয়েছে।

1 I am late.
Q: Am I late?
2 She was safe.
3 My friends left early.
4 The children are playing.
5 He should go now.
6 Rajib came to see me.

*G* বক্তব্য শেষ করার জন্য আমরা অনেক সময় কথার শেষে 'তাই না?' বলি। যেমন, 'তুমি ঢাকায় থাকো, তাই না?' ইংরেজিতে একই উদ্দেশে Tag questions ব্যবহার করা হয়। তবে ইংরেজিতে tag question এর নিয়ম হচ্ছে :

১ Tag question এ special verb ব্যবহৃত হবে।
২ Special verb না থাকলে 'Do' ব্যবহৃত হবে।
৩ Statementটি affirmative হলে tag question negative হবে এবং statementটি negative হলে tag question হবে affirmative.
৪ Tense ইত্যাদি অপরিবর্তিত থাকবে।

উদাহরণ দেখুন :

He is well, isn't he?
You can't help me, can you?
They lived here, didn't they?
She makes many mistakes, doesn't she?

*H* নিচের statements গুলির সাথে tag questions যোগ দিন। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 You have finished, haven't you?
2 He did not eat much, did he?
3 You can't swim.
4 She wants a job.
5 We must start now.
6 You won't leave me.

*I* সংক্ষিপ্ত উত্তর দিতে হলে, বা কথার পিঠে সংক্ষিপ্ত প্রতিক্রিয়া (response) জানাতে হলেও এই special verbs ব্যবহৃত হয়। যেমন,

Q: May I come in? Ans: Yes, you may.
Q: Will he help me? Ans: No, he won't.

Statement : I can do the sum.
Response : So can I.
Statement : He is not intelligent.
Response : Neither/Nor are you.

অন্য verb এর ক্ষেত্রে এই রকম স্থলে 'do' verb ব্যবহার করতে হবে। যেমন,

Statement : My brother came yesterday.
Response : So did I.

*J* সংক্ষিপ্ত উত্তর দিন। দুটি করে দেওয়া হয়েছে।

| | | |
|---|---|---|
| 1 | Has he come? | Yes, he <u>has.</u> |
| 2 | Can you speak English? | No, I <u>can't</u>. |
| 3 | Must I go now? | Yes, you _ _ _ _ _ |
| 4 | Did you call me? | No, I _ _ _ _ _ _ _ _ |
| 5 | Will you try again? | No, I _ _ _ _ _ _ _ _ |
| 6 | Have you seen him? | Yes, I _ _ _ _ _ _ _ _ |

K সংক্ষিপ্ত প্রতিক্রিয়া ব্যক্ত করুন। কয়েকটি করে দেওয়া হয়েছে।

| | *Statements* | *Response* |
|---|---|---|
| 1 | He has no money. | Neither have I. |
| 2 | He can help us. | So can we. |
| 3 | He was afraid. | So _ _ _ _ _ _ I |
| 4 | She did not go. | Nor _ _ _ _ _ her sister. |
| 5 | Sohana passed the examination | So _ _ _ _ _ _ Rehana. |
| 6 | I could not do anything. | Nor _ _ _ _ anybody else. |

**LESSON 3**

## Forms of Verbs

A সাধারণত ইংরেজি verb এর ৫টি forms বা রূপ থাকে। নিচে এগুলির নমুনা দেখুন।

| | 1 | 2 | 3 | 4 | 5 |
|---|---|---|---|---|---|
| | v | v s | v ing | v d | v d/v en |
| 1 | go | goes | going | went | gone |
| 2 | write | writes | writing | wrote | written |
| 3 | walk | walks | walking | walked | walked |

B এখন verb এর এই বিভিন্ন forms এর নাম কি এবং কখন ব্যবহৃত হয় তা দেখা যাক।

১ নং রূপটিকে বলা হয় verb এর stem। এটি ব্যবহৃত হয় :

১ 'To' এর পরে। যেমন,
I want to <u>go</u>. To <u>see</u> is to <u>believe</u>.

২ Simple present tense এ (3rd person singular number এর পরে ব্যতীত।) যেমন,
I go. We go. You go. They go.

৩ Imperative sentence এ যেমন,
Go away. Stand up. Please come here.

৪ will, would, shall, should, can, could, may, might, must, ought to, used to ইত্যাদি auxiliary verb এর পরে। যেমন,
I will go. He could sing. Shall I open the door? ইত্যাদি।

C ২ নং রূপ অর্থাৎ v-s রূপটি কেবলমাত্র এক জায়গায় ব্যবহৃত হয়। সেটি হচ্ছে simple present tense এ subject যদি 3rd person singular number, অর্থাৎ he, she, it (অথবা একজন ব্যক্তি বা একটি প্রাণী বা বস্তু) হয় তবে verb এর s বা es যোগ দিতে হয়। এটাকে v-s রূপ বা 3rd singular রূপ বলা হয়। যেমন,

Karim sings.
Sima dances.
It walks.

D ৩ নং রূপ অর্থাৎ (v-ing) রূপটিকে বলা হয় present participle। এটি ব্যবহৃত হয় :

১ Continuous tense এ be verb (অর্থাৎ am, is, are, was, were) এর পরে যে verb বসে তার সাথে। যেমন, I am going. They were singing. Ruma is watching TV. ইত্যাদি।

২ Noun এর পূর্বে adjective অর্থে। যেমন,
A dancing girl, a singing bird, a loving mother ইত্যাদি।

E ৪ নং রূপটি অর্থাৎ v-d রূপ বলা হয় past রূপ। এটির বানান d বা ed হতে পারে। অনেক verb এর ক্ষেত্রে অবশ্য past tense এ verb এর রূপ অন্যভাবে পরিবর্তিত হয় বা কোনো কোনো সময় পরিবর্তিত হয় না। যেমন,
He walked a mile. We ate rice. I caught a thief. Yesterday he cut his finger.
আলোচনার সুবিধার্থে আমরা সকল past tense রূপকে v-d বলে বিবেচনা করব।

F Verb এর পঞ্চম রূপটিকে বলা হয় past participle রূপ। অধিকাংশ verb এর ক্ষেত্রে verb এর past রূপ ও past participle রূপ একই রকম। যেমন, I walked. I have walked. I liked the dress. I have liked the dress. কিন্তু বেশ কিছু verb আছে যাদের ক্ষেত্রে past ও participle রূপ ভিন্ন। যেমন,
He went. (past)
He has gone. (past participle)
I ate. (past)
I have eaten. (past participle)
এ বিষয়ে পরবর্তী lesson এ আরও আলোচনা করা হবে।
Past participle রূপটি ব্যবহৃত হয় :

১ Perfect tense গঠন করার সময় have/has/had এর পরের verb এর past participle রূপ ব্যবহৃত হয়। যেমন,
They had gone.
She has left.

২ Present participle এর মত past participle formও noun এর পূর্বে adjective এর মত বসে। যেমন, A learned man, a wounded hero, a lost case ইত্যাদি।

৩ এটি ব্যবহৃত হয় passive voice এর জন্য। যেমন,
The book is lost. The glass is broken.
এ বিষয়ে আপনারা পরে পড়বেন।

G নিচের sentence গুলিতে যে verb এর নিচে দাগ দেওয়া হয়েছে সেটি verb এর কোনো রূপ তা ব্রাকেটে লিখুন। এই সূত্র ব্যবহার করুন Stem = S, 3rd Singular = 3S, Past = P, Present Participle = Pr. P, Past Participle = PP। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 He likes mangoes. (3S)
2 Rahim went home. (P)
3 Please wait for me. (S)
4 They have seen the picture. ( )
5 Rahim left the room. ( )
6 He will be coming here soon. ( )
7 To err is human. ( )
8 Have you seen him? ( )
9 He likes to sing. ( )
10 Don't run in the sun. ( )

## Regular and Irregular Verbs

এর পূর্বের lesson এ আমরা দেখেছি যে verb এর যে ৫টি রূপ হয় তার মধ্যে ২নং (3rd singular) এবং ৩নং (present participle) রূপ সব verb এর জন্য মোটামুটি নিয়ম মাফিক হয়। অর্থাৎ 3rd singular এর জন্য stem এর সাথে s বা es এবং present participle এর জন্য ing যোগ দিতে হয়। ৪নং ও ৫নং রূপ অর্থাৎ past এবং past participle এর ক্ষেত্রে নিয়ম হচ্ছে stem এর সাথে d বা ed যোগ দেওয়া। **যে সব verb এই নিয়ম মেনে চলে তাদের বলে Regular Verbs। ইংরেজি ভাষায় অধিকাংশ verbই এই নিয়ম মেনে চলে।** অল্প কিছু উদাহরণ নিচে দেওয়া হল। এমন আরও অনেক verb আছে।

SOME REGULAR VERBS

| ***Stem*** | ***Past*** | ***Past Participle*** |
|---|---|---|
| add (যোগ করা) | added | added |
| call (ডাকা) | called | called |
| cross (পার হওয়া) | crossed | crossed |
| end (শেষ করা) | ended | ended |
| enter (প্রবেশ করা) | entered | entered |
| hang (ফাঁসি দেওয়া) | hanged | hanged |
| help (সাহায্য করা) | helped | helped |
| lift (তোলা) | lifted | lifted |
| look (দেখা) | looked | looked |
| play (খেলা করা) | played | played |
| talk (কথা বলা) | talked | talked |
| walk (হাঁটা) | walked | walked |
| wish (ইচ্ছা করা) | wished | wished |

**কিন্তু বেশ কিছু verb আছে যারা এই নিয়ম মেনে চলে না।** এদের সংখ্যা খুব বেশি নয়। কিন্তু এরা বহুল ব্যবহৃত। এদের past ও past participle forms সকল ইংরেজি ভাষা শিক্ষার্থীকে অবশ্যই মুখস্থ করতে হয়। **এসব verb কে বলে Irregular verbs।** নিচে Irregular verbs এর stem, past ও past participle রূপ দেওয়া হল। এগুলি মুখস্থ করে ফেলুন।

IRREGULAR VERBS

| ***Stem*** | ***Past*** | ***Past Participle*** |
|---|---|---|
| arise (উঠা) | arose | arisen |
| awake (জাগরিত হওয়া) | awoke | awoken |
| be (am, is, are)(?) | was, were | been |
| bear (বহন করা) | bore | borne, born |
| beat (আঘাত করা) | beat | beaten |
| befall (ঘটা) | befell | befallen |
| beget (জন্ম দেওয়া) | begot | begotten |
| begin (আরম্ভ করা) | began | begun |
| behold (দেখা) | beheld | beheld |
| bend (বাঁকানো) | bent | bent, bended |
| bet (বাজি ধরা) | bet, betted | bet, betted |
| bind (বাঁধা) | bound | bound |
| bite (কামড়ানো) | bit | bitten, bit |
| bleed (রক্তক্ষরণ হওয়া) | bled | bled |
| bless (আশীর্বাদ করা) | blessed, blest | blessed, blest |
| blow (ফুঁ দেওয়া) | blew | blown |
| break (ভাঙ্গা) | broke | broken |
| breed (জন্ম দেওয়া) | bred | bred |
| bring (আনয়ন করা) | brought | brought |
| build (নির্মাণ করা) | built | built |

| ***Stem*** | ***Past*** | ***Past Participle*** |
|---|---|---|
| burn (পুড়ে ফেলা) | burnt, burned | burnt, burned |
| burst (ফেটে পড়া) | burst | burst |
| buy (ক্রয় করা) | bought | bought |
| cast (নিক্ষেপ করা) | cast | cast |
| catch (ধরা) | caught | caught |
| choose (পছন্দ করা) | chose | chosen |
| cling (আঁকড়ে ধরা) | clung | clung |
| cost (ব্যয় ঘটানো) | cost | cost |
| creep (বুকে হেঁটে চলা) | crept | crept |
| cut (কাটা) | cut | cut |
| dig (খনন করা) | dug | dug |
| do (করা) | did | done |
| draw (টানা, আঁকা) | drew | drawn |
| dream (স্বপ্ন দেখা) | dreamed/dreamt | dreamed/dreamt |
| drink (পান করা) | drank | drunk |
| drive (চালানো) | drove | driven |
| dwell (বাস করা) | dwelt | dwelt |
| eat (খাওয়া) | ate | eaten |
| fall (পতিত হওয়া) | fell | fallen |
| feed (খাওয়ানো) | fed | fed |
| feel (অনুভব করা) | felt | felt |
| fight (যুদ্ধ করা) | fought | fought |
| find (পাওয়া, দেখা) | found | found |
| flee (পালানো) | fled | fled |
| fling (নিক্ষেপ করা) | flung | flung |
| fly (উড়া) | flew | flown |
| forget (ভুলে যাওয়া) | forgot | forgotten |
| forgive (ক্ষমা করা) | forgave | forgiven |
| forsake (ত্যাগ করা) | forsook | forsaken |
| freeze (ঠাণ্ডায় জমাট বাঁধা) | froze | frozen |
| get (পাওয়া) | got | got |
| give (দেওয়া) | gave | given |
| go (যাওয়া) | went | gone |
| grind (চুর্ণ করা) | ground | ground |
| grow (জন্মানো) | grew | grown |
| hang (ঝোলানো) | hung | hung |
| have, has (আছে) | had | had |
| hear (শোনা) | heard | heard |
| hide (লুকানো) | hid | hidden, hid |
| hit (আঘাত করা) | hit | hit |
| hold (ধরা) | held | held |
| hurt (আঘাত করা) | hurt | hurt |
| keep (রাখা) | kept | kept |
| kneel (হাঁটুগেড়ে বসা) | knelt | knelt |
| know (জানা) | knew | known |
| lay (রাখা) | laid | laid |
| lead (চালিত করা) | led | led |
| leave (ত্যাগ করা) | left | left |
| lend (ধার দেওয়া) | lent | lent |
| let (অনুমতি দেওয়া) | let | let |
| lie (শোয়া) | lay | lain |
| lose (হারানো) | lost | lost |

| Stem | Past | Past Participle |
|---|---|---|
| make (বানানো) | made | made |
| mean (বোঝানো) | meant | meant |
| mistake (ভুল করা) | mistook | mistaken |
| pay (প্রদান করা) | paid | paid |
| put (রাখা) | put | put |
| quit (ত্যাগ করা) | quit | quit |
| read (পড়া) | read (রেড) | read (রেড) |
| ride (চড়া) | rode | ridden |
| ring (ঘন্টা বাজানো) | rang | rung |
| rise (উঠা) | rose | risen |
| run (দৌড়ানো) | ran | run |
| say (বলা) | said | said |
| see (দেখা) | saw | seen |
| seek (খোঁজা) | sought | sought |
| sell (বিক্রয় করা) | sold | sold |
| send (পাঠানো) | sent | sent |
| set (স্থাপন করা) | set | set |
| shake (ঝাঁকানো) | shook | shaken |
| shine (আলো দেওয়া) | shone | shone |
| shoot (গুলি করা) | shot | shot |
| show (দেখানো) | showed | shown (showed) |
| shut (বন্ধ করা) | shut | shut |
| sing (গান করা) | sang | sung |
| sink (ডুবে যাওয়া) | sank | sunk (sunken) |
| sit (বসা) | sat | sat |
| sleep (ঘুমানো) | slept | slept |
| speak (কথা বলা) | spoke | spoke |
| spend (খরচ করা) | spent | spent |
| stand (দাঁড়ানো) | stood | stood |
| steal (চুরি করা) | stole | stolen |
| sting (হুল ফোটানো) | stung | stung |
| strike (আঘাত করা) | struck | struck |
| swear (শপথ করা) | swore | sworn |
| sweep (ঝাড়ু দেওয়া) | swept | swept |
| swim (সাতার দেওয়া) | swam | swum |
| swing (দোল খাওয়া) | swung | swung |
| take (লওয়া) | took | taken |
| teach (শিক্ষা দেওয়া) | taught | taught |
| tear (ছিঁড়ে ফেলা) | tore | torn |
| tell (বলা) | told | told |
| think (চিন্তা করা) | thought | thought |
| throw (নিক্ষেপ করা) | threw | thrown |
| understand (বুঝতে পারা) | understood | understood |
| undertake (গ্রহণ করা) | undertook | undertook |
| undo (বাতিল করা) | undid | undone |
| wake (ঘুম থেকে জাগা) | woke | woken |
| wear (পরিধান করা) | wore | worn |
| weave (তাঁতে বোনা) | wove | woven |
| weep (ক্রন্দন করা) | wept | wept |
| win (জয়লাভ করা) | won | won |
| write (লেখা) | wrote | written |

## Tenses

নিচের sentence গুলি দেখুন।

**A**

1 I like mangoes.
2 I liked mangoes.

১ নং sentence এ বর্তমান সময়ের কথা বলা হয়েছে। একে বলা হয় Present Tense। ২নং sentence এ অতীত সময়ের কথা বলা হয়েছে। একে বলা হয় Past Tense। **Tense বলতে আমরা বুঝি কাজটি কখন সংঘটিত হয়েছে সেই সময়কে।** অতীত বোঝানোর জন্য verb এর past form অর্থাৎ v-d form ব্যবহৃত হয়েছে। কিন্তু ইংরেজিতে ভবিষ্যৎ বোঝানোর জন্য verb এর কোনো বিশেষ রূপ নেই। এজন্য সাধারণত verb এর পূর্বে will (কোনো কোনো সময় shall) যোগ করে future tense করা হয়। যেমন,

They will come tomorrow.
I will go home next week.

আগে I এবং we এর সাথে shall এবং অন্য সব স্থানে will ব্যবহৃত হত। কিন্তু বর্তমানে সব স্থানে will ব্যবহৃত হয়। কেবলমাত্র প্রশ্ন করার সময় I এবং we এর সাথে shall ব্যবহৃত হয় যেমন,

Shall I open the window?
Shall we go out now?

এই ধরনের questions এর প্রকৃত অর্থ suggestion বা প্রস্তাব দেওয়া।
অবশ্য ইংরেজিতে future time এর ধারণা অন্যভাবেও দেওয়া যায়। যেমন,

They come tomorrow.
They are coming tomorrow.
He is going to buy this house ইত্যাদি।

**B**

ইংরেজি প্রধান **tense** তিনটি — **Past, Present** এবং **Future**। নিচে 'walk' verb ব্যবহার করে এই প্রধান তিনটি tense এর বিভিন্ন রূপ দেখানো হল।

PRESENT TENSE

| | *Singular* | *Plural* |
|---|---|---|
| 1st Person | I walk | We walk |
| 2nd Person | You walk | You walk |
| 3rd Person | He<br>She<br>It walks | They walk |

PAST TENSE

| | *Singular* | *Plural* |
|---|---|---|
| 1st Person | I walked | We walked |
| 2nd Person | You walked | You walked |
| 3rd Person | He<br>She<br>It walked | They walked |

FUTURE TENSE

| | *Singular* | *Plural* |
|---|---|---|
| 1st Person | I will walk | We will walk |
| 2nd Person | You will walk | You will walk |
| 3rd Person | He She It — will walk | They will walk |

খেয়াল করে দেখুন যে present tense এ কেবলমাত্র 3rd Person Singular number (অর্থাৎ he, she, it অথবা একজন ব্যক্তি, বস্তু বা প্রাণী) এর পরে verb এর 3rd singular রূপ অর্থাৎ v-s ব্যবহৃত হয়েছে। অন্যান্য সব স্থানে verb এর stem রূপ ব্যবহৃত হয়েছে, অর্থাৎ verb টি অপরিবর্তিত রয়েছে।

Past tense এ সর্বত্র verb এর past রূপ অর্থাৎ v-d রূপটি ব্যবহৃত হয়েছে।

Future tense এর ক্ষেত্রে will এর পরে verb এর stem ব্যবহৃত হয়েছে।

**C** নিচের sentence গুলিতে verb এর কোনো tense ব্যবহৃত হয়েছে তা পাশে লিখুন। Present হলে P, Past হলে Pt এবং Future হলে F লিখুন। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 He gets up early every morning. (P)
2 I ate the mango. (P)
3 He will go to college next year. (F)
4 He told me a story. ( )
5 My sister sings beautifully. ( )
6 They saw the film. ( )
7 I know him ( )
8 When will he come? ( )
9 We started early. ( )
10 They did not like it. ( )

**D** আমরা যে তিনটি প্রধান tense — Present, Past, এবং Future এর কথা পড়লাম তাদের প্রত্যেকটির ৪টি করে রূপ আছে। যেমন, Simple, Continuous, Perfect এবং Perfect Continuous। অর্থাৎ **tense সর্বমোট ১২ রকম হতে পারে।** এদের কোনোটির রূপ কি এবং কখন ব্যবহৃত হয় তা দেখা যাক।

প্রথমে Present tense এর ৪টি রূপ দেখা যাক।

**E** **Present Simple Tense**

এটি Present tense এর সাধারণ রূপ যা আমরা **C** তে দেখেছি। যেমন,
I walk, We walk ইত্যাদি।

**এবার দেখা যাক এটা কখন ব্যবহৃত হয়।**

১ চিরন্তন সত্য বা সাধারণভাবে সঠিক তথ্যের জন্য। যেমন,
The sun rises in the east.
Children like sweets.

২ নিয়মিত বা সচরাচর ঘটে বোঝানোর জন্য। যেমন,
I eat lunch in my office.
My mother normally stays at home.

৩ কোনো কোনো সময় ভবিষ্যতের কথা বলার জন্যও ব্যবহৃত হয়। যেমন,
He leaves for Chittagong tomorrow.
Our school opens next week.

## F Present Continuous Tense

এটির রূপ হচ্ছে am/is/are এর পরে verb এর present participle রূপ। অর্থাৎ am/is/are + v-ing

এই tense ব্যবহৃত হয় :

১ কাজটি এখন চলছে বোঝানোর জন্য। যেমন,

I am eating breakfast.
He is taking a bath.

২ নিকট ভবিষ্যতের জন্য। যেমন,

They are going to Khulna tomorrow.
What are you doing this evening?

এখানে উল্লেখ্য যে কিছু কিছু verb আছে যার দ্বারা মানসিক অনুভূতি বা আবেগ (verb of perception and emotion) বোঝায়। যেমন, love, hate, like, dislike, see, hear, smell, taste, know, wish, prefer, fear ইত্যাদি। এ ধরনের verb কখনও continuous tense এ ব্যবহৃত হয় না। যেমন,

I hear a noise. (am hearing নয়)

My mother loves me. (is loving নয়)

I fear that something bad has happened. (am fearing নয়)

## G Present Perfect Tense

এর রূপ হচ্ছে Has/have + v-ed/v-en অর্থাৎ have verb এর পরে verb এর past participle রূপ।

এটা দ্বারা বোঝায় যে :

১ কাজটি শেষ হয়েছে, কিন্তু কখন শেষ হয়েছে তার উল্লেখ নেই, যেমন,

I have received his letter.
He has gone to Dhaka.

২ কাজটি সম্প্রতি শেষ হয়েছে। যেমন,

I have just returned.
The lights have gone out just now.

৩ আগে আরম্ভ হয়ে কাজটি এখনও চলছে। এ রকম sentence এ সাধারণত time এর উল্লেখ থাকে। যেমন,

I have known him for a ling time.
We have lived in Dhaka since 1985.

## H Present Perfect Continuous Tense

এর রূপ হচ্ছে have/has + been + v-ing যেমন,

She has been singing for an hour.
We have been waiting for a long time.

এটি ব্যবহৃত হয় যখন অতীতে কাজটি আরম্ভ হয়ে এখনও চলছে বোঝায়। সাধারণত এর সাথে for, since, all day, all week জাতীয় time word থাকে। যেমন,

I have been working all day.
They have been studying since morning.

উল্লেখ্য যে verb of perception or emotion এর ক্ষেত্রে এই tense ব্যবহৃত হয় না।

I নিচের sentence গুলির শূন্যস্থানে ব্রাকেটে দেওয়া verb এর সঠিক present tense রূপটি বসান। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 Usually I go to school by bus. (go)
2 He is watching T.V. now. (watch)
3 He _ _ _ _ _ _ coffee to tea. (prefer)
4 Don't go out now. It _ _ _ _ _ (rain)
5 I _ _ _ _ _ this book. (read)
6 They _ _ _ _ _ _ for an hour. (wait)
7 Kamal _ _ _ _ _ _ for London this afternoon (leave)
8 I _ _ _ _ _ _ _ something burning. (smell)
9 Listen to her. She _ _ _ _ _ _ _ (sing)
10 I _ _ _ _ _ _ _ somebody calling me. (hear)

## J **Past Simple Tense**

এর জন্য verb এর past রূপ অর্থাৎ v-d রূপটি ব্যবহৃত হয়। যেমন,

He walked to school.

I got your letter yesterday.

এটি ব্যবহৃত হয় :

১ অতীতে কোনো ঘটনা ঘটে গেছে বোঝানোর জন্য। যেমন,

I worked hard yesterday.

অতীত সময়ের উল্লেখ থাকলে অবশ্যই past tense ব্যবহার করতে হবে। না থাকলে present perfect tense ব্যবহার করা যায়। যেমন,

He has come here. (সময়ের উল্লেখ নাই)

He came here yesterday. (অতীত সময়ের উল্লেখ আছে)

## K **Past Continuous Tense**

এই tense এর রূপ হচ্ছে was/were + v-ing যেমন,

It was raining.

এই tenseটি ব্যবহৃত হয় যখন :

১ অতীতে কোনো ঘটনা কিছুক্ষণ ধরে চলছিল। ঘটনাটি কখন চলছিল তা বোঝানোর জন্য time এর উল্লেখ থাকতে পারে বা অন্য একটি ঘটনার উল্লেখ থাকতে পারে। যেমন,

We were watching television when he arrived.
What were you doing last evening?
The dogs were barking all night.
I was crossing the road when someone called me.

২ অতীতে দুটি ঘটনা একই সময় ঘটছিল। এ ক্ষেত্রে দুটি verbই past continuous tense এ ব্যবহৃত হবে। যেমন,

While I was doing homework my sister was watching TV.
While Rome was burning Nero was playing the fiddle.

## L Past Perfect Tense

এই tense এর রূপ হচ্ছে had + v-ed/v-en অর্থাৎ had এর পরে verb এর past participle রূপ। যেমন,

They had left.

এটি ব্যবহৃত হয় :

১ অতীতে ঘটে গেছে এমন দুটি ঘটনার মধ্যে যেটি আগে ঘটেছে তার জন্য। যেমন,
The train had left before I reached the station.
I arrived after she had left.
He told me that he had read the book.

## M Past Perfect Continuous Tense

এটির রূপ হচ্ছে had been + v-ing। যেমন,

I had been playing.

**এটি ব্যবহৃত হয় যখন :**

১ কোনো কাজ অতীতে আরম্ভ হয়ে অতীতেই শেষ হয়েছে। কাজটা কিছুক্ষণ চলছিল এটা বোঝানোর জন্যই এই tense ব্যবহৃত হয়। যেমন,
I had been studying this morning for my exam.
He had been working all day. That exhausted him by evening.
By the time we left Chittagong we had been living there for 15 years.

**N** নিচের Sentence গুলির শূন্যস্থানে ব্রাকেটে দেওয়া verb এর সঠিক past রূপ বসান। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 I was sleeping (sleep) when my friend telephoned. (telephone)
2 The patient had died (die) before the doctor arrived (arrive).
3 We _ _ _ _ (be) tired as we _ _ _ _ _ _ (work) all day.
4 He _ _ _ _ (go) to the bus station 9:30 a.m, but the bus _ _ _ _ _ _ (leave) at 9:15 a.m.
5 Last night I _ _ _ _ _ (hear) a sound. Probably a burglar _ _ _ _ _ (try) to get in.
6 She _ _ _ _ (cook) when the telephone _ _ _ _ _ (ring).
7 The sun _ _ _ _ _ (shine) when I _ _ _ _ _ (go) out, but by the time I _ _ _ _ _ _ _ (return) it _ _ _ _ _ (rain) heavily.

## O Future Simple Tense

এটি future tense এর সাধারণ রূপ, অর্থাৎ will + v. কেবলমাত্র Questions এ first person এ shall ব্যবহৃত হয়। যেমন, I will go. You will go. He will go. ইত্যাদি কিন্তু Shall I help you? Shall we go for a picnic? ইত্যাদি।

এটি ব্যবহৃত হয় :

১ ভবিষ্যৎ কালের কথা বলার জন্য। যেমন,
I will go to market next week.

২ শর্তযুক্ত (conditional) sentence এ এটি ব্যবহৃত হতে পারে। যেমন,
If you come I will go.
If it rains they will not come.

## P Future Continuous Tense

এটির রূপ হচ্ছে will + be + v-ing
এটি ব্যবহৃত হয় :

১ ভবিষ্যতে কাজটা ঘটতে থাকবে তা বোঝানোর জন্য। যেমন,
He will be playing tennis this afternoon.

## Q Future Perfect Tense

এই Tense রূপ হচ্ছে will + have + participle form of verb। যেমন,
They will have reached London by this time tomorrow.
By next December I shall have finished writing my novel.
এতে বোঝায় ভবিষ্যতে যে সময়ের উল্লেখ করা হয়েছে তার মধ্যে কাজটা শেষ হবে। এই tense খুব কমই ব্যবহৃত হয়।

## R Future Perfect Continuous Tense

এর রূপ হচ্ছে will + have + been + v-ing। যেমন,
My father will have been completing 30 years of service by the time he retires next year.
কোনো কাজ অতীতে আরম্ভ হয়ে ভবিষ্যতে কোনো একসময় পর্যন্ত চলতে থাকবে এমন বোঝায়। এই tense এর ব্যবহার নেই বললেই চলে। সাধারণত এই অবস্থায় Future Perfect ব্যবহৃত হয়। যেমন,
My father will have completed 30 years of service by the time he retires next year.

## S নিচের Sentence গুলির শূন্যস্থানে সঠিক verbটি বসান। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 The earth <u>goes</u> round the sun. (go/goes/going)
2 I <u>saw</u> him yesterday. (see/have seen/saw)
3 I <u>will be</u> forty next December. (am/will be/have been)
4 It started to rain while we _ _ _ _. (playing/are playing/were playing)
5 He thanked me for what I _ _ _ _. (have done/had done/have been doing)
6 The baby _ _ _ _ _ all morning. (cries/has been crying/cry)
7 He jumped off the bus while it _ _ _ (moved/was moving/is moving).
8 I _ _ _ _ _ a motor cycle last week. (bought/have bought/had bought)
9 I _ _ _ _ _ _ _ here until next Sunday. (stay/will be staying/have stayed)
10 Don't disturb me. I _ _ _ _ _ my home work. (do/did/am doing)
11 Asma _ _ _ _ _ _ to be a doctor. (is wanting/wants/ want)

12 If you come at once I _ _ _ _ _ _ you something. (show, will show, am showing)

**L E S S O N 6**

---

## Subject - Verb Agreement

A ইংরেজিতে noun এবং personal pronoun এর যেমন singular এবং plural number হয় verb এরও তেমনি singular ও plural হয়। যেমন,

| *Singular* | | *Plural* |
|---|---|---|
| He<br>She<br>It | goes | They go |

**Personal pronoun** এর যেমন **1st, 2nd** ও **3rd person** আছে **verb** এরও তেমনি **1st, 2nd** ও **3rd person** আছে। যেমন,

| *Person* | *Singular* | | *Plural* | |
|---|---|---|---|---|
| First Person | I | am<br>have<br>walk<br>go | we | are<br>have<br>walk<br>go |
| Second Person | You | are<br>have<br>walk<br>go | You | are<br>have<br>walk<br>go |
| Third Person | He<br>She<br>It | is<br>has<br>walks<br>goes | They | are<br>have<br>walk<br>go |

খেয়াল করে দেখুন যে Subject এর number ও person এর উপর নির্ভর করে verb পরিবর্তিত হয়। 'Be' verb এর পরিবর্তন সবচেয়ে বেশী। অন্যান্য verbও পরিবর্তিত হয়। একে বলে subject - verb agreement.

**The verb must agree with the subject.**

B **Subject** যদি **singular** হয় **verb** হবে **singular,** এবং **subject** যদি **plural** হয় **verb** হবে **plural**। যেমন,

I am here.
We are here.
You are there.
They are there.
Hasan comes here everyday.
Our friends have not arrived yet.

*C* যদি দুটি **noun** ব্যবহার করে একজন ব্যক্তি বা একটি বস্তুকে বোঝায় তবে **verb** টি হবে **singular**। যেমন,
Bread and butter <u>is</u> good for you.
Slow and steady <u>wins</u> the race.
His secretary and stenographer <u>is</u> on leave.

*D* যদি **either/or** বা **neither/nor** দিয়ে **noun** বা **pronoun** কে যুক্ত করা হয় তবে **verb** টি **agree** করবে **verb** এর নিকটতম শব্দটির সাথে। যেমন,
Neither you nor your brother <u>is</u> at home.
Either he or I <u>am</u> responsible for the mistake.
Neither he nor his parents <u>are</u> in town.

*E* **Noun** এর পূর্বে **each, every, are, either, neither** থাকলে **verb** হবে **singular**। যেমন,
Each of them <u>gets</u> a prize.
One of my friends <u>lives</u> here.
One of you <u>has</u> to go.
Either of the books <u>is</u> interesting.
Neither of them is trustworthy.
Everybody is absent.

*F* **Each** বা **every** ব্যবহার করে দুই বা ততোধিক **subject** থাকলেও **verb** হবে **singular.** যেমন,
Each boy and each girl <u>pays</u> the same.
Every man, every woman, every boy and every girl <u>has</u> to work for his or her own country.

*G* কোনো **subject** এর সাথে **as well as, with, along with, together with, in addition** যোগ করে অন্য **word** বা **phrase** থাকলে **verb** টি **agree** করবে প্রথম **subject** এর সাথে। যেমন,
The <u>parents</u> along with their children <u>are</u> waiting outside.
The <u>Prime Minister</u> together with her ministers <u>has</u> just arrived.

**H** যদি কোনো **plural noun** ব্যবহার করে দূরত্ব, অর্থ, ওজন ইত্যাদি বোঝায় এবং সেটাকে যদি একটি **unit** হিসাবে বিবেচনা করা হয় তবে **verb** হবে **singular**। যেমন,
Fifty dollars is a lot of money.
A hundred kilometres is a long distance.
A hundred kg is a heavy weight to carry.

**I** কোনো বইয়ের নাম **plural** হলেও বইটি যেহেতু একটি তাই **verb** হবে **singular**। যেমন,
The Arabian Nights is a famous book.

**J** **A lot of, a great deal of, some of, most of, plenty of,** এ ধরনের **phrase** যদি **uncountable noun** এর সাথে আসে তবে **verb** হবে **singular**। কিন্তু যদি **countable noun** এর সাথে আসে **verb** হবে **plural**। যেমন,
A lot of water has been wasted.
A lot of dresses have been purchased.
There is plenty of rice for everybody.
There are plenty of books on this subject.
Most of the flour is spoilt.
Most of the students are absent.

**K** **Uncountable noun** যেহেতু গণনা করা যায় না এর **কোনো plural** হয় না। অতএব **uncountable noun** এর **verb** হবে **singualr**। তবে একাধিক **uncountable noun and** দ্বারা যুক্ত থাকলে তাদের **verb** হবে **plural**। যেমন,
Gold is a heavy metal.
Butter and Ghee are both very expensive.

**L** নিচের sentence গুলিতে ব্রাকেট দেওয়া verb এর সঠিক রূপ বসান। একটি করে দেওয়া হয়েছে।

1 My mother and sister are here. (be)
2 Neither his parents nor his brother _ _ _ _ alive. (be)
3 One of our teachers _ _ _ _ _ retiring today. (be)
4 Twenty yards _ _ _ _ _ a long distance to jump. (be)
5 Each of these books _ _ _ _ _ thirty taka. (cost)
6 A lot of time _ _ _ _ _ been wasted for nothing. (have)
7 The captain along with his teammates _ _ _ _ _ just entered the play ground. (have)
8 Rice and dal _ _ _ _ _ good enough for us. (be)
9 Gulliver's Travels _ _ _ _ _ written by Swift. (be)
10 Most of the students of this class _ _ _ _ _ intelligent. (be)

## The Infinitive

A ৬নং lesson এ আমরা দেখেছি যে verb কে subject এর সাথে agree করতে হয়। কিন্তু এটা সকল verb এর ক্ষেত্রে প্রযোজ্য নয়। **যে সব verb কে subject এর সাথে agree করে তাদের বলে finite verbs**। যেমন,

I am.

He goes.

You are there.

He is here.

I go.

He goes.

They go.

**কিন্তু কিছু কিছু verb আছে যাদের বেলায় subject এর সহিত agree করার প্রশ্ন উঠে না। তাদের বলা হয় Non-finite verbs**। যেমন,

I want to go. He wants to go. They want to go.

He saw me coming. I saw him coming.

They saw us coming.

I like singing. He likes singing. You like singing.

উপরের sentence গুলিতে আমরা দেখছি যে subject যাই হোক না non-finite verb গুলি থাকে অপরিবর্তিত। Non-finite verb তিন প্রকার। যেমন, Infinitive, Participle এবং Gerund। এখন আমরা এদের বিষয়ে আলোচনা করব।

B **The Infinitive**

নিচের sentence গুলি দেখুন।

1 To err is human.
2 She loves to dance.
3 He wants to help me.
4 To love our country is our duty.

লক্ষ করুন, যে শব্দগুলির নিচে দাগ দেওয়া হয়েছে সেগুলি 'To' এর পরে এসেছে এবং verb এর stem রূপটি ব্যবহৃত হয়েছে অর্থাৎ verb এর সাথে কিছু যোগ দেওয়া হয়নি। এ ধরনের verb কে বলা হয় Infinitive। উপরের sentence গুলিতে ব্যবহৃত infinitive গুলি verb হলেও এদের ব্যবহার করা হয়েছে noun এর মতো। যেমন ১নং sentence এ To err হচ্ছে sentence টির subject। ২নং sentence এ to dance হচ্ছে 'loves' verb এর object। সাধারণত noun কিংবা pronounই sentence এর subject কিংবা object হতে পারে। অথচ এখানে আমরা দেখছি infinitive হচ্ছে subject এবং object।

Infinitive এর ব্যবহার noun এর মতো হলেও এর ব্যবহারে verb এর গুণাবলীও বজায় থাকে। যেমন ৩নং sentence এ to help হচ্ছে 'wants' verb এর object। কিন্তু to help এরও object আছে — me। ৪নং sentence এ To love our country হচ্ছে sentence টির subject, কিন্তু to love এর object হচ্ছে our country।

C সাধারণত To এর পরে infinitive বসে। **তবে to** ছাড়াও **infinitive** ব্যবহৃত হয়। তাকে বলে **bare infinitive**। Bare infinitive ব্যবহৃত হয় :

১ Modal auxiliary (will, would, shall, should, can, could, may, might, must, need not ইত্যাদি) এর পরে। যেমন,
He will go.
It might happen.
You need not go.
You must help me ইত্যাদি।
অবশ্য used এবং ought এর পরে to প্রয়োজন হয়। যেমন,
He used to live here.
We ought to obey our parents.

২ Verb of perception এর পরে bare infinitive ব্যবহৃত হয়। যেমন,
I saw him leave the station.
You can hear him cry.
I could feell the ground shake.

৩ 'Help' verb এর পরের infinitive 'to' সহ অথবা to ছাড়া উভয়ই হয়। যেমন,
He helped me complete the work.
He helped me to complete the work.

D আমরা দেখেছি infinitive হতে পারে sentence এর subject বা transitive verb এর object। এছাড়াও infinitive অন্যভাবে ব্যবহৃত হতে পারে। যেমন,

১ He came <u>to see</u> me. (purpose)
এখানে adverb হিসাবে 'came' verb কে qualify করছে।

২ The mangoes are sweet <u>to eat</u>.
এখানে adverb হিসাবে 'sweet' adjective কে qualify করছে।

৩ This is a house <u>to let</u>.
এখানে adjective হিসাবে 'house' কে qualify করছে।

৪ I asked him <u>to go</u>. (object complement)

৫ It's his habit to <u>get up</u> early. (subject complement)

E নিচের **sentence** গুলি দেখুন।

a He went home.
b He would see his grandmother.

এ **দুটিকে** Infinitive দিয়ে যোগ দিয়ে বলা যায় :
He went home to see his grandmother.
এই রকম আরও কিছু sentence দেখুন :

a) He did it.
b) I saw it.

এই দুটি sentence কে যোগ দিয়ে বলা যায়:
I saw him do it.

F এবার নিচের **sentence** গুলি **infinitive** ব্যবহার করে যুক্ত করুন।

1a I will help you.
b I want it.
2a He plays football.
b He likes it.
3a She gets up before down.
b It is her habit.
4a We heard the news.
b We were sorry.
5a We should obey our elders.
b It is our duty.

## Participle

A আমরা আগে দেখেছি Participle হয় দুই প্রকার — Present participle ও Past participle. আমরা এটাও দেখেছি যে 'Be' vreb এর পরে verb এর present participle রূপ অর্থাৎ v-ing ব্যবহার করা হয় continuous tense এর জন্য। যেমন, He is singing. They were laughing ইত্যাদি।

'Have' verb এর পরে verb এর past participle রূপ ব্যবহার করা হয় perfect tense এর জন্য। যেমন,

I have come.
He has left.
They had gone. ইত্যাদি।

B এ ছাড়াও Participle এর অন্যান্য ব্যবহার আছে। প্রথমে present participle নিয়ে আলোচনা করা যাক।

নিচের phrase গুলি দেখুন :

A rolling stone
A dancing girl
A sparkling stream
A singing bird

এখানে Verb এর present participle রূপ অর্থাৎ v-ing noun এর পূর্বে adjective এর মতো ব্যবহৃত হয়েছে। এদের বলে participial adjective। ইংরেজি ভাষায় এ ধরনের participial adjective এর ব্যবহার প্রচুর।

C নিচের sentence গুলি দেখুন :

1 I saw the boy crossing the road.
2 Hearing the bell he opened the door.

উপরের sentence গুলির যে অংশে participial ব্যবহৃত হয়েছে তাকে বলে participial phrase। খেয়াল করে দেখুন participle phrase গুলির ব্যবহার adjective এর মতো। যেমন, crossing the road বর্ণনা করছে একইভাবে। 'Hearing the bell' বর্ণনা করেছে 'he' এর অবস্থা। অতএব এসব participial phrase কাজ করে adjective এর মতো।

D নিচের sentence গুলির সঙ্গে ব্রাকেটে দেওয়া কথা যুক্ত করে পুনরায় লিখুন। Present participle ব্যবহার করুন। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 I saw him. (He was going to school)
I saw him going to school.
2 The man is Jasim. (He is coming this way)
The man coming this way is Jasim.
3 I could hear him. (He was singing loudly)
4 Do you know the boy? (He is talking to Mamun.)
5 I returned home. (I was feeling very tired.)
6 He has a brother. (He is studying abroad.)

7 She sat in an armchair (She was reading a book.)
8 I wrote him a letter. (I requested him to help me.)
9 The thief got away. (He was running very fast.)
10 Look at the children. (They are playing in the field.)

*E* এবার past participle অর্থাৎ v-d/v-en রূপ নিয়ে আলোচনা করা যাক। Present participle বর্ণনা করে verb এর চলমান রূপটিকে। কিন্তু past participle বর্ণনা করে verb এর completed রূপ অর্থাৎ কাজ শেষ হয়ে যাওয়া অবস্থা। যেমন,

A <u>wounded</u> hero
A <u>finished</u> product
A <u>learned</u> man
A <u>tired</u> look

এরাও participale adjective রূপে ব্যবহৃত হয়েছে তবে এরা কাজটি সম্পন্ন হয়ে যাওয়া অবস্থা বর্ণনা করছে। ইংরেজি ভাষায় এদের ব্যবহারও প্রচুর।

*F* Present participle এর মতো past participleও phrase এ ব্যবহৃত হতে পারে এবং adjective হিসাবে ব্যবহৃত হতে পারে। যেমন,

1 The building <u>constructed a hundered years ago</u> is still standing.
2 This book, <u>first published in 1952</u>, is stilll an informative book.
3 The man <u>injured in the accident</u> was taken to hospital.

উপরের sentence গুলিতে participial phrase গুলি কোনো noun কে qualify করেছে তা ভেবে বের করুন।

*G* নিচের sentence গুলির শূন্য স্থানে ব্রাকেটে দেওয়া verb এর participle রূপ ব্যবহার করুন। Sentenceটি পড়ে ঠিক করুন present participle হবে না past participle হবে। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 I was woken up by the baby <u>crying</u>. (cry)
2 Somebody <u>named</u> Mahfuz telephoned while you were out. (name)
3 A plane _ _ _ _ _ _ 105 passengers crashed yesterday. (carry)
4 He has a brother _ _ _ _ _ in the hospital. (work)
5 Some of the _ _ _ _ _ guests did not come. (invite)
6 Some ornaments _ _ _ _ _ to me have been stolen. (belong)
7 The man _ _ _ _ _ by the car has been taken to the hospital. (hit)
8 Lessons _ _ _ _ _ easily are soon forgotten. (learn)
9 _ _ _ _ _ a noise, I turned back. (hear)
10 A _ _ _ _ _ opportunity never returns. (lose)

## The Gerund

**A** নিচের sentence গুলি দেখুন।

1 Walking is a good exercise.

2 She enjoys dancing.

3 I am tired of waiting.

উপরের Sentence গুলিতে v-ing form ব্যবহার করা হয়েছে, কিন্তু এরা present participle নয়। একটু খেয়াল করলেই বোঝা যায় যে present participle আচরণ করে adjective এর মতো, কিন্তু উপরের sentence গুলিতে v-ing form গুলি আচরণ করছে noun এর মতো। ১নং sentence এ walking হচ্ছে sentence টির subject। ২নং sentence এ dancing হচ্ছে 'enjoy' verb এর object এবং ৩নং sentence এ waiting হচ্ছে preposition of এর object।

**B** \V-ing form যখন noun এর মতো আচরণ করে তাকে বলা হয় gerund। Verb হওয়া সত্ত্বেও এটা noun এর মতো আচরণ করে বলে একে বলা যায় verbal noun। পক্ষান্তরে participle কে বলা যায় verbal adjective। এ দুটির চেহারা একরকম হলেও ব্যবহার ভিন্ন। যেমন,

She is fond of singing. (gerund)
I could hear him singing loudly. (participle)
Studying abroad is very expensive. (gerund)
He has a brother studying abroad. (participle)

**C** **Use of Gerund**

যেহেতু gerund হচ্ছে verbal noun তাই এর আচরণ noun এর মতো। এটি ব্যবহৃত হতে পারে

১ Sentence এর subject হিসাবে। যেমন,
Smoking is bad for health.
Seeing is believing.

২ Transitive verb এর object হিসাবে। যেমন,
Stop talking.
I like reading.
He loves eating a lot of food.

৩ Preposition এর object হিসাবে। যেমন,
He is afraid of swimming.
He has been punished for telling a lie.
We have been prevented from going there.

৪ Complement হিসাবে। যেমন,
Seeing is believing.
What I dislike most is smoking.\

**D** নিচের দাগ দেওয়া শব্দগুলি gerund হলে পাশে **G** লিখুন এবং participle হলে **P** লিখুন। দুটি করে দেওয়া হয়েছে।

1 Gambling is a bad habit. (G)
2 The man sitting on the bench is my brother. (P)
3 A rolling stone gathers no moss. ( )
4 I prefer dancing to singing. ( )
5 The miser hates spending money. ( )
6 I was happy to see them enjoying themselves. ( )
7 Everything depends on his coming. ( )
8 I like reading detective novels. ( )
9 Begin writing from the next page. ( )
10 We found his sleeping on the couch. ( )

## ANSWER KEY

*Lesson 1*

**D**

| | |
|---|---|
| 3 (I) | 4 (T) The door |
| 5 (T) This book | 6 (T) him |
| 7 (I) | 8 (I) |
| 9 (T) a lie | 10 (I) |
| 11 (I) | 12 (T) a letter |

**F**

| | | |
|---|---|---|
| 2 | you / I, | a cup of tea / D |
| 3 | me / I, | a nice letter / D |
| 4 | me / I, | a secret / D |
| 5 | me / I, | some money / D |
| 6 | Rabiul / I, | a difficult question / D |

**H** 1 (I) 2 (T) 3 (I) 4 (T) 5 (T) 6 (T) 7 (T) 8 (I)

*Lesson 2*

**D**
1 She has not helped me.
2 He is not an intelligent man.
3 They did not live here.
4 Harun has not heard the story.
5 You ought not to go.

**F**
2 Was she safe?
3 Did my friends leave early?
4 Are the children playing?
5 Should he go now?
6 Did Rajib come to see me?

**H**

| | |
|---|---|
| 3 can you? | 4 doesn't she? |
| 5 mustn't we? | 6 will you? |

**J**

| | |
|---|---|
| 3 must | 4 didn't |
| 5 won't | 6 have |

**K**

| | |
|---|---|
| 3 was | 4 did |
| 5 did | 6 could |

*Lesson 3*

**G** 4 (PP) 5 (P) 6 (Pr. P) 7 (S) 8 (PP) 9 (S) 10 (S)

*Lesson 5*

**C** 4 (Pt) 5 (P) 6 (Pt) 7 (P)
8 (F) 9 (Pt) 10 (Pt)

**I** 3 prefers 4 is raining
5 have read 6 have waited/have been waiting
7 leaves/is leaving 8 smell
9 is sining 10 hear

**N** 3 were, had been working
4 went, had left
5 heard, was trying
6 was cooking, rang
7 was shining, went, returned, was raining

**S** 4 were playing 5 had done
6 has been crying 7 was moving
8 bought 9 will be staying
10 am doing 11 wants
12 will show

*Lesson 6*

**L** 2 is 3 is 4 is 5 costs
6 has 7 has 8 is 9 is 10 are

*Lesson 7*

**F** 1 I want to help you.
2 He likes to play football.
3 It is her habit to get up before dawn.
4 We were sorry to hear the news.
5 It is our duty to obey our elders.

*Lesson 8*

**D** 3 I could hear him singing loudly.
4 Do you know the boy talking to Mamun?
5 I returned home feeling very tired. Or,
Feeling very tired I returned home.
6 He has a brother studying abroad.
7 She sat in an arm chair reading a book.
8 I wrote him a letter requesting him to help me.
9 The thief got away running very fast. Or,
Running very fast the thief got away.
10 Look at the children playing in the field.

**G** 3 carrying 4 working
5 invited 6 belonging
7 hit 8 learnt
9 hearing 10 lost

*Lesson 9*

**D** 3 (P) 4 (G) 5 (G) 6 (P)
7 (G) 8 (G) 9 (G) 10 (P)